

## History Curriculum' বিষয়ক ওয়ার্কশপ অনুষ্ঠিত



১২ ডিসেম্বর, ২০১৯-বৃহস্পতিবার ইতিহাস বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে 'History Curriculum' বিষয়ক ওয়ার্কশপ বিভাগীয় সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

ইতিহাস বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. মোছাঃ খোদেজা খাতুনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. চঞ্চল কুমার বোস এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মোঃ আব্দুল মালেক। স্বাগত বক্তব্য প্রদান করেন ইতিহাস বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কারিকুলাম ফরমুলেশন কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম।

এসময় বিভাগের অন্যান্য শিক্ষক-শিক্ষিকাবৃন্দ ওয়ার্কশপে অংশগ্রহণ করেন।